

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

সাভার, ঢাকা।

বিজ্ঞপ্তি নং- ০৫.০১.২৬৭২.১২৫.১৮.৬৫১.১১.৫৪৭

তারিখ: ০৪.০৬.২০১৮

বিজ্ঞপ্তি

কেন্দ্রের সকল কর্মচারীকে অফিসে নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

- ক. সকলকে বায়োমেট্রিক মেশিনের মাধ্যমে যথাসময়ে অফিসে আগমন ও প্রস্থান নিশ্চিত করতে হবে;
- খ. অফিস সময়ে লিখিত অনুমতি ব্যতীত অফিস ত্যাগ করা যাবে না ;
- গ. অফিস সময়ে অফিসের আইডি কার্ড (পরিচয় পত্র) গলায় ধারণ করতে হবে;
- ঘ. অফিস সময়ে দপ্তরের বাইরে গমন না করে নিজ দপ্তরে অবস্থান করতে হবে;
- ঙ. মধ্যাহ্ন বিরতির জন্য নির্ধারিত সময় যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- চ. অফিস সময়ে ১৬-২০ গ্রেডের কর্মচারীগণ অফিস কর্তৃক সরবরাহকৃত নির্ধারিত পোশাক পরিধান করবে;
- ছ. বিশেষ পরিস্থিতি ব্যতীত নিয়ন্ত্রণকারী কর্মকর্তাগণ অধিনস্তদের ছুটি মঞ্জুরের আদেশ প্রশাসন অনুবিভাগে জরুরী ভিত্তিতে প্রেরণ করবে।

২। নির্দেশনা 'ক' বাস্তবায়নের জন্য প্রতিমাসের প্রথম সপ্তাহে বিগত মাসের বায়োমেট্রিক হাজিরা পরীক্ষা করা হবে। হাজিরা পরীক্ষান্তে অফিসে অনুপস্থিতি বা বিলম্বে উপস্থিতির প্রমাণ পাওয়া গেলে কারণ দর্শানো ব্যতিরেকে গণকর্মচারী শৃঙ্খলা (নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ, ১৯৮২ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

- ৩। নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।
- ৪। এছাড়া, নির্দেশনাসমূহ বাস্তবায়নের জন্য প্রশাসন অনুবিভাগ হতে সার্বক্ষণিক তদারকি করা হবে।
- ৫। নির্দেশক্রমে ও জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ রাজিবুল ইসলাম)

উপ-পরিচালক (প্রশাসন)

বিজ্ঞপ্তি নং- ০৫.০১.২৬৭২.১২৫.১৮.৬৫১.১১.৫৪৭

তারিখ: ০৪.০৬.২০১৮

বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে:

- ১। কর্মচারী (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা;
- ২। সিস্টেম এনালিস্ট (ওয়েব সাইটে প্রকাশের জন্য), বিপিএটিসি, সাভার, ঢাকা;
- ৩। পিএস টু রেক্টর (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য), বিপিএটিসি, সাভার, ঢাকা;
- ৪। নোটিশ বোর্ড (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা।



(মোহাম্মদ রাজিবুল ইসলাম)

উপ-পরিচালক (প্রশাসন)